

# কান্না

(আখতারুজ্জামান ইলিয়াস'কে)

শরীরের ভাষা বোঝে মন, উকিল মন  
অস্থিরতাও বোঝে ষোল আনা,  
আর পুত্রহারা হাহাকারে বুক ফাটে বুড়ো শালিকের;  
আল্লাহ, আল্লাহ গো...  
এত বড় উপযুক্ত পোলাডারে তুমি বাপের বুক হইতে কাড়িয়া নিলা!  
অর মায়ের বুকডা তুমি খালি করিয়া দিলা!  
বাপটা কি তামাম জীবন খালি গোরস্তানে গোরস্তানেই থাকব?

টুপ টুপ করে রাত্রি নামে ভুলবাগানে  
চৌচির কান্নায় মলিন হয় বিকৃত মুখ;  
(পুত্র তখন শুয়ে শুয়ে ভোগ করে মরণের সুখ)  
থৈ থৈ হিজল পাতার গোটাগুলো শুকায় আর ভেজে  
হঠাৎ আবাস্তর ছোঁয়া দেয় কবরের ঠোঁটে,  
অন্ধকার দূর্ভেদ্য ঝোপে ঝিলিক মারে অচ্ছূতের তারা।

বুড়ো বাপ?  
থাকা আর না থাকা ভীষণভাবে উপলব্ধি করে,  
আল্লাহ, আল্লাহ গো, আলাহ....  
নাদান বাপটার কথা একবার তুমি ভাবিয়া দেখলা না!  
বাপটা কি তামাম জীবন খালি গোরস্তানে গোরস্তানেই থাকব?

— সজল খালেদ  
জার্মানি